



## জাতীয় বিশ্ববিদ্যালয়

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৮-২০১৯/৪৬১০

তারিখ: ০৫/০৩/২০২০

### ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকা ১২ মার্চ ২০২০ তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atmp<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি হতে পারবে না।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস স্ব স্ব কলেজে ২৪ মার্চ ২০২০ তারিখ থেকে শুরু হবে।

২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের ( <a href="http://www.nu.ac.bd/admissions">www.nu.ac.bd/admissions</a> ) Applicant Login অপশন থেকে Masters Preli. (Regular) Login লিংকে ক্লিক করে ভর্তি ফরম পূরণ করতে হবে।	১২/০৩/২০২০ থেকে ১৯/০৩/২০২০
খ)	১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকাসহ চূড়ান্ত ভর্তি ফরমের প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ:	১৪/০৩/২০২০ থেকে ২১/০৩/২০২০
গ)	কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ:	১৪/০৩/২০২০ থেকে ২২/০৩/২০২০
ঘ)	কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [জনপ্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে college Login অপশনের এর মাধ্যমে Admission Payment Info (Preli.) অপশনে ক্লিক করে Pay Slip (সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134) ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৪/০৩/২০২০ থেকে ৩০/০৩/২০২০

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

তারিখ: ০৫/০৩/২০২০

সূত্র- ১৬(৬৯৩)জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০১৮-২০১৯/৪৬১০

অনুলিপি:

১। পরিচালক, তথ্য প্রযুক্তি দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

২। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়

৩। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। সচিব, ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলরের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৮। অফিস কপি

স্বাক্ষরিত/-

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪